# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**18 JUNE 2026** **7:45—7:55 PM**

---

১) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার পৌরহিত্যে আজ রাজ্যের শিক্ষা বিভাগের পর্যালোচনা বৈঠক ।

২) রাজ্যের খাদ্য ও গ্রাহক পরিক্রমা বিভাগের মন্ত্রী কৌশিক রায়ের  বরাক উপত্যকার সড়ক ও যোগাযোগ পরিকাঠামো উন্নয়ন , পুনরনির্মান এবং মেরামতীর সঙ্গে যুক্ত বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা ।

৩) রাজ্য সরকারের কর্মচারী বিভাগের আগামী ২২ জুন থেকে কামাখ্যা মন্দিরে অনুষ্ঠেয় আম্বুবাচী মেলার জন্য ২৪ জন অসামরিক সেবার আধিকারিককে দায়িত্বভার অর্পন ।

এবং

৪) বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতায় আজ রাতে গ্রুপ এ-র একটি খেলায় চেকিয়া এবং দক্ষিণ আফ্রিকা মুখোমুখি ।

-----------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার পৌরহিত্যে আজ রাজ্যের শিক্ষা বিভাগের একটি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে বিদ্যালয় , মাধ্যমিক , উচ্চ এবং কারিগরী শিক্ষা ক্ষেত্রের সামগ্রিক অগ্রগতির পর্যালোচনা করা হয় । এছাড়াও , উচ্চশিক্ষা এবং বিদ্যালয় শিক্ষা বিভাগের বাজেট প্রস্তাব সহ বর্তামানে রূপায়নের কাজ অব্যাহত প্রকল্প সমূহের পর্যালোচনা তথা শিক্ষা বিভাগের সঙ্গে যুক্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলির পর্যালোচনা করা হয় । ডক্টর শর্মা এই বৈঠকে নিযুত মইনা এবং নিযুত বাবু প্রকল্পের রূপায়ন , বিনামূল্যে স্কুটি , সাইকেল এবং পাঠ্যবই বিতরণ সহ বিনামূল্যে নামভর্তী প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা করা হয় । এক ই সঙ্গে তিনি সরকারী আদর্শ মহাবিদ্যালয় , চা-বাগান আদর্শ বিদ্যালয় এবং শিক্ষক নিযুক্তি প্রক্রিয়ারও মূল্যায়ন করেন ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যের খাদ্য ও গ্রাহক পরিক্রমা বিভাগের মন্ত্রী কৌশিক রায় আজ বরাক উপত্যকার সড়ক ও যোগাযোগ পরিকাঠামো উন্নয়ন , পুনরনির্মান এবং মেরামতীর সঙ্গে যুক্ত বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা করেন । তিনি জানান যে বরাক উপত্যকার যোগাযোগ ব্যবস্থা অধিক উন্নত , সুরক্ষিত এবং আধুনিক করে গড়ে তোলার জন্য বিভিন্ন প্রকল্প বর্তমানে অব্যাহত রয়েছে এবং আরো নতুন নতুন প্রকল্প বাস্তবায়নের বিষয় নিয়ে সরকারী স্তরে আলোচনা অব্যাহত রয়েছে । বিশেষ করে শ্রী রায় মালিডহর থেকে বদরপুর পর্যন্ত জাতীয় সড়কের পুনর নির্মানের কাজ , শিলচর শহরের ক্যাপিটেল পয়েন্ট থেকে রাঙ্গিরখারি পর্যন্ত এবং পয়লাপুল থেকে কুমাছড়া যাওয়ার সড়ক সহ শিলচর-জিরিবাম সংযোগী সড়কের নির্মানের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত খোজখবর নেন । মন্ত্রী বলেন যে বরাক উপত্যকার সার্বিক উন্নয়ন এবং জনসাধারণের যাতায়াত ব্যবস্থা সহজ তথা সুরক্ষিত করা তোলার জন্য এই প্রকল্প সমূহের নির্মান কার্য খুব শীঘ্রই সম্পূর্ণ করা হবে । উল্লেখ্য যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা নেতৃত্বাধীন সরকার রাজ্যের সড়ক যোগাযোগ ব্যবস্থা অধিক উন্নত করার ওপর বিশেষ অগ্রাধিকার দিয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকারের বিগত ১২ বছরকে উন্নয়ন এবং ঐতিহ্যের সংগমের স্বর্ণযুগ হিসেবে অভীহিত করেছেন ।শ্রী শাহ আজ সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে বিগত ১২ বছরে শ্রী রাম জন্মভূমি মন্দির , কাশী বিশ্বনাথ কোরিডোর এবং উজ্জ্বয়িন মহাকাল লোকের নির্মাণ সম্পূর্ণ করা হয়েছে এবং বিশ্বমানের যোগাযোগ , পরিকাঠামো প্রকল্প তথা মেক ইন ইন্ডিয়ার মতো উদ্যম সমুহ দেশের উন্নয়নের যাত্রায় গতি এনেছে ।তিন বলেন যে এই সময়ে ১ কোটি নথির ডিজিট্যাল রূপ প্রদান করা হয়েছে , ৬৬৮ টি প্রাচীন কলাকৃতি দেশে ফিরিয়ে আনা হয়েছে । এই সময়কালে ১১ টি জনজাতীয় সংগ্রহালয় স্থাপন করা হয়েছে এবং ১১ টি ভারতীয় ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা প্রদান করা হয়েছে বলে স্বরাষ্ট্রমন্ত্রী উল্লেখ করেন ।এধরণের কাজের দ্বারা উন্নয়ন ও ঐতিহ্য যে পরস্পরের পরিপূরক তা স্পষ্ট হয়ে উঠেছে বলে তিনি মন্তব্য করেন ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বন্দর ,জাহাজ চলাচল এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল গতকাল নতুনদিল্লীতে মন্ত্রনালয়ের প্রবীণ আধিকারীকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে উত্তরপূর্বাঞ্চলে রূপায়িত আভ্যন্তরীণ জলপথ প্রকল্পগুলোর অগ্রগতির পর্যালোচনা করেন

।বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সনোয়াল বলেন যে প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের বিকশিত উত্তর-পূর্ব এবং বিকশিত ভারত নির্মাণের পথ প্রশস্ত করার উদ্দেশ্যে যোগাযোগ , পর্যটন , বানিজ্য এবং জীবিকা সুদৃঢ় করার জন্য অঞ্চলটির জলপথের ব্যাপক সম্ভাবনার পূর্ণ ব্যবহার করছে ।

-------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী শনিবার সরাসরি বেংক হস্তান্তরের মাধ্যমে প্রধানমন্ত্রী কৃষক সম্মান নিধির অধীনে সুবিধাভোগী কৃষকদের ২৩ তম কিস্তি প্রদান করবেন । পশ্চিমবঙ্গের হুগলি জেলার তারকেশ্বর থেকে প্রধানমন্ত্রী ইলেক্ট্রনিক মাধ্যমে সরাসরি কৃষকদের একাউন্টে এই কিস্তি প্রদান করবেন ।উল্লেখ্য এই প্রকল্পের ২২ তম কিস্তি বিগত ১৩ ই মার্চ প্রদান করা হয়েছিল । এই প্রকল্পের অধীনে কৃষকরা এপর্যন্ত ৪ দশমিক ২-৮ লক্ষ কোটি টাকার ও বেশী অর্থ তাদের বেংক খাতায় লাভ করেছেন ।এর মধ্যে ১ দশমিক ০১ লক্ষ কোটি টাকা মহিলা কৃষকরা লাভ করেছেন বলে সূত্রে জানানো হয়েছে । এবারের ২৩ তম কিস্তিতে দেশের ৯ কোটি ৪৪ লক্ষ কৃষক ১৮ হাজার ৮৮০ কোটি টাকা তাদের বেংক খাতায় লাভ করবেন ।

-------------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের কর্মচারী বিভাগ আগামী ২২ জুন থেকে কামাখ্যা মন্দিরে অনুষ্ঠেয় আম্বুবাচী মেলার জন্য ২৪ জন অসামরিক সেবার আধিকারিককে দায়িত্বভার অর্পন করেছে । ইতিমধ্যেই শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে অম্বুবাচী মেলার জন্য রাজ্য সরকার এবং কামরূপ মহানগর জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে চূড়ান্ত প্রস্তুতির কাজ সম্পূর্ণ করা হয়েছে । আজ কামাখ্যা দেবালয়ে আয়োজিত একটি সাংবাদিক সম্মেলনে কামরূপ মহানগর জেলার আয়ুক্ত সপ্নীল পাল অম্বুবাচী মেলার যাবতীয় ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত তথ্য দিয়েছেন । তিনি বলেন যে অম্বুবাচী মেলায় আগত ভক্তদের জন্য কামাখ্যা রেলষ্টেশন এবং পান্ডু বন্দরে দুটি শিবির স্থাপন করা হয়েছে । এই শিবিরগুলিতে ভক্তদের জন্য থাকা-খাওয়া , চিকিৎসা , অনাময় ইত্যাদির সুব্যবস্থা করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন । একই সঙ্গে তিনি কামাখ্যা রেলষ্টেশন এবং পান্ডু বন্দরের মধ্যে স্থাপন করা শিবিরের মধ্যে যাতায়াতের জন্য প্রশাসনের পক্ষ থেকে আসাম রাজ্য পরিবহন নিগমের বাসের ব্যবস্থাও থাকবে বলে জানান । উল্লেখ্য যে , শিবিরগুলি থেকে মন্দিরে যাওয়ার জন্য অন্য কোন ধরণের যানবাহনের ব্যবস্থা থাকবে না বলেও তিনি জানান । ভক্তদের সুবিধার্থে , নার্সারী পয়েন্ট , নীলাচল পহাড়ের ওপর , মন্দিরের পশ্চিম প্রবেশ দ্বারের কাছে এবং প্রশান্তি লজের কাছে মোট চারটি নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করা হয়েছে বলে জেলা আয়ুক্ত প্রকাশ করেন । তিনি জানান যে ওই

নিয়ন্ত্রণ কক্ষগুলিতে প্রবীন সরকারী আধিকারিক এবং বিভিন্ন বিভাগের আধিকারিক-কর্মচারী ছাড়াও ৭ থেকে ৮শো মিটার দূরে দূরে ৭টি স্থানে স্থাপন করা হেল্প ডেস্কগুলিতেও ৩ জন করে সরকারী আধিকারিক থাকবেন । ভক্তদের সুবিধার জন্য মন্দিরের নীচ থেকে ওপর পর্যন্ত কার্পেটের ব্যবস্থা থাকবে এবং গরমের প্রতি লক্ষ্য রেখে জল বোর্ডের পাইপের মাধ্যমে ওয়াটার স্প্রে করারও ব্যবস্থা করা হয়েছে বলে তিনি জানান ।

এদিকে , অম্বুবাচী মেলা সম্পর্কে মা কামাখ্যা মন্দির কর্তৃপক্ষের পৃথকভাবে আয়োজন করা একটি সাংবাদিক সম্মেলনে মুখ্য পুরহিত কবিন্দ্র প্রসাদ শর্মা অম্বুবাচী মহাযোগের প্রবৃত্তি ও নিবৃত্তি সম্পর্কে বিস্তারিত তথ্য প্রকাশ করেন ।

বাইট------

-----------------------------------------------------------------------------------

বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতায় ভারতীয় সময় অনুযায়ি আজ রাত সাড়ে ৯ টায় আমেরিকার আটলান্টা ষ্টেডিয়ামে অনুষ্ঠেয় গ্রুপ -এ’র একটি খেলায় চেকিয়া , দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে । চেকিয়া এর পূর্বে দক্ষিণ কোরিয়ার বিরুদ্ধে ২-১ গোলের ব্যবধানে পরাজিত হওয়ার পর আজকের খেলায় পয়েন্ট লাভ করার আপ্রাণ চেষ্টা করবে । অনুরূপভাবে দক্ষিণ আফ্রিকা পূর্বের একটি খেলায় মেক্সিকোর হাতে ২-০ গোলে পরাজিত হওয়ার পর প্রতিযোগিতায় প্রথম পয়েন্ট অর্জনের জন্য চেষ্টা চালাবে ।এদিকে লস এঞ্জেলেস ষ্টেডিয়ামে প্রতিযোগিতায় গ্রুপ বি ’র একটি খেলায় ভারতীয় সময় রাত সাড়ে ১২ টায় সুইজারল্যান্ড /বসনিয়া হার্জেগোভিনার বিরুদ্ধে খেলবে ।
প্রতিযোগিতায় আজ ভোরে কলম্বিয়া ৩-১ গোলে উজবেকিস্থানের বিরুদ্ধে জয়লাভ করেছে ।ঘানা ১-০ গোলে পানামাকে পরাজিত করেছে এবং গতকাল রাতের একটি খেলায় ইংল্যান্ড ৪-০ গোলে ক্রোয়েশিয়াকে পরাজিত করেছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ থেকে তিন দিনের জনকল্যান শিবির শুরু হয়েছে । বিধায়ক ডক্টর মিলন দাস আজ এই শিবিরের উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্টানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক ডক্টর দাস জানান যে এই ধরনের শিবিরের মূল উদ্দেশ্যে হচ্ছে সাধারন মানুষকে সরকারী প্রকল্প সম্পর্কে অবগত করানো । বিধায়ক আরো জানান -------

বাইট

---

হাইলাকান্দি শহরের দীর্ঘ দিনের জলাবদ্ধতা এবং ড্রেনেজ সমস্যার সমাধানের লক্ষ্যে খুব শীঘ্রই অবৈধ দখলদারদের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান শুরু করা হবে । হাইলাকান্দির বিধায়ক ডক্টর মিলন দাস ও পৌরসভার সভাপতি মানব চক্রবর্তী আজ শহরের বিভিন্ন জল নিষ্কাশন পথ পরিদর্শন করার পর বিধায়ক ডক্টর দাস একথা ঘোষনা করেন । বিধায়ক ডক্টর দাস জানান যে অবৈধ দখলের ফলে বৃষ্টির জল স্বাভাবিক গতিতে ধলেশ্বরী নদীতে নিষ্কাশিত হতে পারে না । এরফলে সামান্য বৃষ্টিতে হাইলাকান্দি শহরের বিভিন্ন এলাকায় কৃত্রিম বন্যার সৃষ্টি হয় যার ফলে সাধারন মানুষকে চরম দূর্ভোগ পোহাতে হয় । এই সমস্যার স্থায়ী সমাধানে লক্ষ্যে প্রশাসন খুব শীঘ্রই অবৈধ দখল উচ্ছেদ অভিযান শুরু করবে ।

---

হাইলাকান্দি পুলিশ এক বিশেষ অভিযান চালিয়ে জেলার বিভিন্ন প্রান্ত থেকে ১৭ জন চোরকে গ্রেপ্তার করা সহ তাদের কাছ থেকে বিপুল পরিমানের চোরাই সামগ্রী উদ্ধার করতে সক্ষম হয়েছে । পুলিশ সূত্রে প্রাপ্ত তথ্য অনুযায়ি এই ১৭ জনের চোর চক্রটির সঙ্গে হাইলাকান্দি শহর এবং এর পার্শ্ববর্তী অঞ্চলে সংঘঠিত একাধিক চুরিকান্ডের সম্পর্ক রয়েছে বলে জানা গেছে ।এই অভিযানে তাদের কাছ থেকে ১২ টি মোবাইল ফোন , একটি চুরি হওয়া মোটর সাইকেল , একটি গ্যাস সিলিন্ডার , দুটি জলের পাম্প ইত্যাদি উদ্ধার করা হয়েছে ।

---